### শিক্ষকদের প্রতীক অনশনে অধ্যাপক আনিসুজ্জামান

# হল বন্ধ রেখে তদন্ত কমিশনের কার্যক্রম প্রশ্নসাপেক্ষ

**কাগজ প্রতিবেদক :** শিক্ষকদের ওপর পুলিশি হামলার প্রতিবাদে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা প্রতীক অনশন কর্মসূচি পালন করেন। অপরাজেয় বাংলার পাদদেশে শিক্ষকরা তাদের পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত এই প্রতীক অনশন করেন। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ব্যানারে গতকাল শতাধিক শিক্ষক প্রতীক অনশনে যোগ দেন। শিক্ষকদের মধ্যে সাদা দলের সুপরিচিত কোনো শিক্ষকদের দেখা যায়নি। অনশনে অংশগ্রহণকারী শিক্ষকগণের মধ্যে বাংলা বিভাগের অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসমূহ বিশেষ করে শামসুন্নাহার হল বন্ধ রেখে বিচার বিভাগীয় তদন্ত কমিশন তাদের কার্যক্রম কিভাবে সমাপ্ত করবেন সে প্রশ্নের জবাব পাওয়া দরকার। তিনি অবিলম্বে সুষ্ঠু তদন্তের স্বার্থে শামসুন্নাহার হল খুলে দেওয়ার পরামর্শ দেন। তাছাড়া শিক্ষা কার্যক্রম পুনরায় চালু করার লক্ষ্যে তিনি বিশ্ববিদ্যালয় ও হলসমূহ খুলে দেওয়ার দাবি জানান। সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, আজাদ চৌধুরী, শাহাদাত আলী, মেজবাহ কামাল প্রমুখ বক্তব্য রাখেন।

অনশনে কর্মসূচির শেষ মুহূর্তে ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার অপরাজেয় বাংলার পাদদেশে উপস্থিত হয়ে শিক্ষকগণের সঙ্গে সহমর্মিতা প্রকাশ করেন এবং পানীয় দ্বারা অনশন ভঙ্গ করান।

প্রতীক অনশনে বক্তব্য প্রদানকারী শিক্ষকগণ শিক্ষকদের ওপর পুলিশি হামলায় দায়ীদের বিচার দাবি করেন। তারা শিক্ষকদের নামে দায়েরকৃত মামলা এবং ক্যাম্পাস থেকে পুলিশ প্রত্যাহারের দাবি জানান।